JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৪৪

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০

তারিখ : ০৮.০১.২০১০ [কোড : করতোয়া] সময় : ১ ঘণ্টা ২০ মিনিট পূর্ণমান : ৮০

যেসব জেলায় পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল

বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা, ভোলা, রাজশাহী, ফেনী, নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা।

০১. 'বিশ শতকের মেয়ে' উপন্যাসটির রচয়িতা কে?

ক. ড. নীলিমা ইব্রাহিম খ. আনিস চৌধুরী
গ. আনোয়ার পাশা ঘ. শহীদুল্লা কায়সার

উত্তর✓ ক ব্যাখ্যা ড. নীলিমা ইব্রাহিম (১৯২১-২০০২) রচিত উপন্যাস : বিশ শতকের মেয়ে (১৯৫৮), এক পথ দুই বাঁক (১৯৫৮), কেয়া বন সঞ্চারিণী (১৯৬২), বহ্নিবলয় (১৯৮৫)।

০২. শামসুর রাহমান রচিত কাব্যগ্রন্থ কোনটি?

ক. অনেক আকাশ খ. বাংলাদেশ স্বপ্ন দেখে (দ্যাখে)
গ. স্বর্ণ গর্দভ ঘ. আশার বসতি

উত্তর✓ খ ব্যাখ্যা আধুনিক নাগরিক কবি শামসুর রাহমানের (১৯২৯-২০০৬) কতিপয় কাব্যগ্রন্থ : প্রথম গান, দ্বিতীয় মৃত্যুর আগে (১৯৬০), রৌদ্র করোটিতে (১৯৬৩), বন্দী শিবির থেকে (১৯৭২), উট্ট উটের পিঠে চলেছে স্বদেশ (১৯৮২), এক ফোঁটা কেমন অনল (১৯৮৫)।

০৩. 'মহাকবি আলাওল' নাটকটির রচয়িতা কে?

ক. সিকানদার আবু জাফর খ. আনিস চৌধুরী
গ. সৈয়দ ওয়ালীউল্লাহ ঘ. শওকত ওসমান

উত্তর✓ ক ব্যাখ্যা সিকানদার আবু জাফরের (১৯১৯-৭৫) কতিপয় নাটক : শকুন্ত উপাখ্যান (১৯৫৮), সিরাজউদ্দৌলা (১৯৬৫), মহাকবি আলাওল (১৯৬৫)।

০৪. 'বনি আদম' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?

ক. শেখ ফজলুল করিম খ. ইসমাইল হোসেন সিরাজী
গ. গোলাম মোস্তফা ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর

উত্তর✓ গ ব্যাখ্যা গোলাম মোস্তফা (১৮৯৭-১৯৬৪) রচিত কাব্যগ্রন্থ : রক্তরাগ (১৯২৪), খোশরোজ (১৯২৯), কাব্যকাহিনী (১৯৩২), সাহারা (১৯৬৩), বুলবুলিস্তান (১৯৪৯), বনি আদম (১৯৫৮), গীতি সঞ্চয়ন (১৯৬৮)।

০৫. মোহাম্মদ নজিবর রহমান রচিত উপন্যাস কোনটি?

ক. রজনী খ. নববিধান
গ. পদ্মরাগ ঘ. প্রেমের সমাধি

উত্তর✓ ঘ ব্যাখ্যা মোহাম্মদ নজিবর রহমান সাহিত্যরত্নের (১৮৬০-১৯২৩) কতিপয় উপন্যাস : আনোয়ারা (১৯১৪), পরিণাম (১৯১৮), গরীবের মেয়ে (১৯২৩), দুনিয়া আর চাই না (১৯২৪), মেহেরউন্নিসা।

০৬. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক কোনটি?

ক. রক্তকরবী খ. রানা প্রতাপসিংহ
গ. নবযৌবন ঘ. বসন্ত কুমারী

উত্তর✓ ক ব্যাখ্যা 'রক্তকরবী' (১৯২৬) রবীন্দ্রনাথের একটি সাংকেতিক নাটক। ১৩৩০ বঙ্গাব্দের আশ্বিন সংখ্যা 'প্রবাসী'-তে প্রকাশিত। এ নাটকে ধনের উপর ধান্যের, শক্তির উপর প্রেমের এবং মৃত্যুর উপর জীবনের জয়গান গাওয়া হয়েছে।

০৭. 'যদ্যপি' এর সন্ধিবিচ্ছেদ-

ক. যদ + পি খ. যদি + অপি
গ. যদ + অপি ঘ. যদ্য + অপি

উত্তর✓ খ ব্যাখ্যা কতিপয় সন্ধির উদাহরণ : জন + এক = জনৈক; মহা + ঐক্য = মহৈক্য; এক + এক = একৈক; সদা + এব = সদৈব; মত + ঐক্য = মতৈক্য; মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য।

০৮. 'সংসার' এর সন্ধিবিচ্ছেদ-

ক. সং + সার খ. সাং + সার
গ. সম + সার ঘ. সম্ + সার

উত্তর✓ ঘ ব্যাখ্যা আগে ম্ এর পরে অন্তঃস্থ ব্যঞ্জন (য/র/ল/ব) কিংবা উষ্মধ্বনি (শ/স/হ) থাকলে ঐ ম্ সন্ধিতে অনুস্বার (ং) হয়। যেমন:

সম্ + হতি = সংহতি	সম্ + হত = সংহত	সম্ + সার = সংসার
সম্ + হার = সংহার	সম্ + লগ্ন = সংলগ্ন	সম্ + যোগ = সংযোগ

০৯. নিচের কোনটি দ্বিগু সমাস?

ক. আপাদমস্তক খ. রুই কাতলা
গ. একরোখা ঘ. সেতার

উত্তর✓ ঘ ব্যাখ্যা সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। যেমন : ত্রি কালের সমাহার– ত্রিকাল। এখানে 'ত্রি' সংখ্যাবাচক শব্দ এবং 'কাল' বিশেষ্য।

১০. নিচের কোনটি বহুব্রীহি সমাস নয়?

ক. কানাকানি খ. পীতাম্বর
গ. হাতাহাতি ঘ. চুলোচুলি উত্তর খ

১১. 'বাড়ী ঘরে এসো' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্মে ২য় খ. করণে ৩য়া
গ. অপাদানে ১মা ঘ. অধিকরণে ১মা

উত্তর✓ ঘ ব্যাখ্যা ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন : আধার (স্থান) : আমরা রোজ স্কুলে যাই। কাল (সময়) : প্রভাতে সূর্য ওঠে।

১২. 'আমাদের একটি গল্প বলুন।' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

ক. কর্মে ষষ্ঠী খ. কর্মে ২য়
গ. অপাদানে ৫মী ঘ. সম্প্রদানে ষষ্ঠী

উত্তর✓ ক ব্যাখ্যা যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে। যেমন : তোমার দেখা পেলাম না।

১৩. কোনটি শুদ্ধ বানান?

ক. অদ্যপি খ. অদ্যাপি
গ. অদ্যপী ঘ. অদ্যাপী

উত্তর✓ খ ব্যাখ্যা কতিপয় শুদ্ধ বানান : শ্রদ্ধাঞ্জলি, মুহূর্ত, মুমূর্ষু, সান্ত্বনা, পরিপক্ব, চতুষ্পদ, দুর্ঘটনা, দুরবস্থা, দুরূহ, ক্ষুণ্ন, ক্ষতিগ্রস্ত, উপর্যুপরি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

১৪. কোনটি শুদ্ধ বানান?
ক. অভ্যন্তরীণ
খ. অভ্যন্তরিণ
গ. আভ্যন্তরীণ
ঘ. অভ্যন্তরীন
উত্তর√ ক
কতিপয় শুদ্ধ বানান : সতীত্ব, সতীর্থ, কৃতিত্ব, দায়িত্ব, সখিত্ব, আশিস, আশীর্বাদ, ইতোমধ্যে, উচ্ছ্বাস, অপরাহ্ণ।

১৫. কোনটি শুদ্ধ বানান?
ক. সদ্যজাত
খ. সদ্ধোজাত
গ. সদ্যোজাত
ঘ. সদ্ধ্যজাত
উত্তর√ গ
কতিপয় শুদ্ধ বানান : সুষ্ঠু, সরস্বতী, সন্ত্রীক, সাক্ষর, স্মরণিকা, সান্ত্বনা, ভূত, অদ্ভুত, ভুবন, সত্বর, শ্রেণি, সত্ত্বেও, মহীয়সী, ভণিতা।

১৬. 'কিরণ' এর সমার্থক শব্দ নয়-
ক. রবি
খ. রশ্মি
গ. প্রভা
ঘ. কর
উত্তর√ ক
কতিপয় সমার্থক শব্দ :

সূর্য	আফতাব, মিহির, অর্ক, বালার্ক, ভানু, ভাস্কর, মার্তণ্ড, সবিতা, বিভাবসু, প্রভাকর, আদিত্য, পূষণ।
আলো	জ্যোতি, রশ্মি, কর, প্রভা, আভা, দীপ্তি, বিভা, দ্যুতি।

১৭. 'চক্ষু' এর সমার্থক শব্দ নয়-
ক. নয়ন
খ. লোচন
গ. অক্ষি
ঘ. সলিল
উত্তর√ খ
কতিপয় সমার্থক শব্দ :

চোখ	আঁখি, চক্ষু, নেত্র, লোচন, নয়ন, আঁখ, অক্ষি।
জল	অম্বু, অপ, উদক, পয়ঃ, ইরা, ইলা, পুষ্কর, তোয়, নীর, সলিল, বারি।

১৮. 'ঢেউ' এর সমার্থক শব্দ নয়-
ক. তরঙ্গ
খ. ঊর্মি
গ. বারিধি
ঘ. বীচি
উত্তর√ গ
কতিপয় সমার্থক শব্দ :

বারিধি	রত্নাকর, অম্বুধি, জলধি, উদধি, পয়োধি, অর্ণব, অম্বুনিধি, প্রচেত, অম্বুমান, পয়োনিধি, মহার্ণব।
ঢেউ	তরঙ্গ, ঊর্মি, কল্লোল, হিল্লোল, বীচি, লহর, লহরী, মহাতরঙ্গ, উল্লোল, মহোর্মি, জলতরঙ্গ।

১৯. 'চপল' এর বিপরীতার্থক শব্দ-
ক. স্তব্ধ
খ. ঠান্ডা
গ. গম্ভীর
ঘ. রাশভারি
উত্তর√ গ
কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
চঞ্চল	অবিচল	চটুল	গম্ভীর
চিন্ময়	মৃন্ময়/অচেতন	চেতন	জড়
চড়াই	উৎরাই	চৌকস	হাবা/হাঁদা

২০. 'উগ্র' এর বিপরীতার্থক শব্দ-
ক. মেজাজ
খ. সৌম্য
গ. চপল
ঘ. বিজ্ঞ
উত্তর√ খ
কতিপয় বিপরীত শব্দ :

প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ	প্রদত্ত শব্দ	বিপরীত শব্দ
উদ্বৃত্ত	ঘাটতি	উদ্ধত	বিনীত
উষর	উর্বর	উহ্য	স্পষ্ট

২১. কোনটি শুদ্ধ বানান?
ক. Posesion
খ. Possession
গ. Possesion
ঘ. Possession
উত্তর গ

২২. কোনটি শুদ্ধ বানান?
ক. Commettee
খ. Committe
গ. Committee
ঘ. Comittee
উত্তর গ

২৩. 'Hand' শব্দটির Verb হচ্ছে-
ক. Handle
খ. Handly
গ. Hand
ঘ. Enhand
উত্তর√ গ
'Hand' শব্দটির noun ফর্ম ও Verb ফর্ম একই।

২৪. 'Coward' শব্দটির Adjective হচ্ছে-
ক. Fersocious
খ. Coward
গ. Cowardly
ঘ. Cowardeous
উত্তর√ গ
'Adjective' এর সাথে 'ly' Suffix যোগ করে 'Adverb' গঠিত হয়। কিন্তু Noun এর সাথে 'ly' যুক্ত হয়ে 'Adjective' গঠন করা হয়। যেমন:
Noun+ly→ Adjective
Friend+ly→ Friendly
Coward+ly→ Cowardly

২৫. 'Unstable' শব্দটির Synonym হচ্ছে–
ক. Constant
খ. Changeable
গ. Reliable
ঘ. Steady
উত্তর√ খ

Word	Meaning
Unstable	স্থির নয় এমন, পরিবর্তনশীল
Constant	ধ্রুব/স্থির
Changeable	রূপান্তরযোগ্য, পরিবর্তনশীল
Reliabie	ভরসা করা যায় এমন, নির্ভরযোগ্য
Steady	ধ্রুব, দৃঢ়, স্থির।

২৬. 'Opinion' শব্দটির Synonym হচ্ছে-
ক. Fact
খ. Knowledge
গ. Misgiving
ঘ. Belief
উত্তর√ ঘ

Word	Meaning
Opinion	মত/ধ্যান/ধারণা/বিশ্বাস/মতামত
Fact	যথার্থ/বাস্তব ঘটনা/সত্য ঘটনা
Knowledge	জ্ঞান
Misgiving	সন্দেহ
Belief	মত/বিশ্বাস।

২৭. 'He is absorbed —— thought' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–
ক. to
খ. in
গ. at
ঘ. for
উত্তর√ খ
'চিন্তায় বা অন্য কিছুতে মগ্ন থাকা অর্থে Absorb এর পর 'in' Preposition বসে। 'He is absorbed in thought' অর্থ যে চিন্তায় নিমগ্ন। অন্য Preposition গুলো যথা: to, at, for সঠিক নয়।

২৮. 'Your conduct admits ——— no excuse' বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে–

ক. of
খ. at
গ. for
ঘ. from

উত্তর✓ ক [illegible] 'Admit' এর পর 'of' Preposition থাকলে এর অর্থ অবকাশ/সুযোগ থাকা। 'Admit' Verb এরপর Preposition 'to' থাকলে এর অর্থ হয় 'ভর্তি হওয়া'। 'Admit' Verb এর পর অন্যান্য অপশনের Perposition গুলো সঠিক নয়।

Admit to → ভর্তি হওয়া।
Admit of → অবকাশ/সুযোগ থাকা।

সুতরাং প্রথম অপশনটি সঠিক।

২৯. 'Joy' শব্দটির Adjective হচ্ছে-

ক. Enjoy
খ. Jolly
গ. Joyous
ঘ. Joyful

উত্তর✓ ঘ [illegible] 'Joy' শব্দটি একটি noun, noun এর শেষে 'Ous' Suffix যুক্ত হয়ে Adjective গঠিত হতে পারে।

'Joy' noun টির শেষে 'Ous' suffix যুক্ত হয়ে Adjective গঠিত হয়। যেমন:

Noun + ous → Adjective
Joy + ous → Joyous

নিচের কোনটি Refuse শব্দটির Noun?

ক. Refusement
খ. Refuse
গ. Frfusing
ঘ. Refusal

উত্তর✓ ঘ [illegible] 'Refuse' শব্দটি একটি Verb। এর অর্থ প্রত্যাখ্যান করা। অপশনগুলোর মধ্যে 'Refuse' শব্দের noun হিসেবে Refusement, Refuse, Refusing অর্থাৎ অপশন (ক), (খ) ও (গ) সঠিক নয়। 'Verb' (Refuse) এর সাথে 'al' প্রত্যয় যুক্ত হয়ে noun (Refusal) গঠিত হয়।

১১. কোনটি শুদ্ধ বানান?

ক. Exampiary
খ. Exemplery
গ. Examplery
ঘ. Exemplary

উত্তর✓ ঘ [illegible] সঠিক বানান হচ্ছে 'Exemplary' (আদর্শস্বরূপ দৃষ্টান্তমূলক) যা Option (ঘ) তে আছে।

কোনটি শুদ্ধ বানান?

ক. Colarboration
খ. Collaberation
গ. Colaberation
ঘ. Collaboration

উত্তর ঘ

১. কোন বাক্যটি শুদ্ধ?

ক. I saw him write something
খ. I saw him writing something
গ. There is no place for doubt in it
ঘ. He is deaf for hearing

উত্তর✓ খ [illegible] অপশনগুলোর মধ্যে অপশন (ক) আপাতত সঠিক মনে হলেও সঠিক নয়। যদিও 'bare Infinitive' হওয়ার কারণে Write লেখা হয়েছে, তবে আমরা জানি উদ্দেশ্য বুঝানো হলে bare infinitive/ infinitive বসতে পারে। এখানে যেহেতু উদ্দেশ্য বুঝানো হয়নি, সেহেতু (ক) সঠিক নয়। অপশন (খ) হচ্ছে সঠিক উত্তর। কোনোনা কোনো Simple বাক্যে Finite ও non-finite উভয় Verb থাকলে non-finite verb টি 'ing' form এর অর্থাৎ 'writing' হবে। কাজেই সঠিক উত্তর অপশন (খ)। অপশন (গ) তে → 'There is no room for doubt in it' বললে সঠিক হতো। অপশন (ঘ) তে → 'He is deaf of hearing' বললে বাক্যটি সঠিক হতো।

৩৪. কোন বাক্যটি শুদ্ধ?

ক. The horse and carriage are at the door
খ. Time and tide wait for none
গ. You are not devoted to gambling
ঘ. We get up in dawn

উত্তর✓ খ [illegible] অপশন (ক) তে 'ঘোড়ার গাড়ি' অর্থে 'Horse and Carriage' ব্যবহার করা হয়েছে। আলাদা দুটো noun দ্বারা গঠিত হলেও একক ধারণা প্রকাশ করায় Subject singular হয়েছে। অর্থাৎ 'are' এর পরিবর্তে 'is' হবে।

অপশন (গ) তে, Preposition 'to' এরপর noun ব্যবহার করতে হবে। 'gamble' শব্দটি নিজেই noun হওয়ায় এর সাথে 'ing' form যুক্ত করা যাবে না। কারণ যদি কোনো verb এর সরাসরি noun form action থাকে তবে verb টির সাথে 'ing' যোগ করার প্রয়োজন নেই।

অপশন (ঘ) তে, 'We get up at dawn' (ভোরে) বললে সঠিক হতো। অর্থাৎ Dawn এর আগে 'in' এর পরিবর্তে Preposition 'at' বসবে।

৩৫. 'Does he speak English well?' বাক্যটির সঠিক Passive form–

ক. In English spoke well by him?
খ. Is English spoken well to him?
গ. Is English spoken well by him?
ঘ. Was English spoken well by him?

উত্তর✓ গ [illegible] প্রশ্নে প্রদত্ত বাক্যটির Passive করতে হলে প্রথমে বাক্যটিকে Assertive form এ রূপান্তর করতে হবে। অতঃপর Passive করতে হবে এবং সবশেষে ঐ Passive বাক্যকে Interrogative করলেই সঠিক Passive form পাওয়া যাবে।

৩৬. 'All his pupils like him' বাক্যের সঠিক passive form–

ক. He was liked by all his pupils
খ. He is like by all his pupils
গ. He is being liked by all his pupils
ঘ. He is liked by all his pupils

উত্তর✓ ঘ [illegible] Subject (Active voice এর object এর subjective form)+tense ও person অনুযায়ী Auxiliary verb+VPP/V3 +by+object (Active Voice এর subject) এই নিয়ম অনুযায়ী অপশন (ক), (খ) ও (গ) সঠিক নয়। উপর্যুক্ত নিয়ম অনুযায়ী প্রশ্নে প্রদত্ত বাক্যের Passive এর উত্তর অপশন (ঘ) → 'He is liked by all his pupils'

৩৭. You said to me, "Would you help me, please?" বাক্যের সঠিক Indirect speech–

ক. You politely asked me if I would help you
খ. You politely asked me that if I should help you.
গ. You pulitely asked me that whether I would help you.
ঘ. You politely asked me if I could help you.

উত্তর✓ ক [illegible] প্রশ্নে প্রদত্ত বাক্যের Indirect speech করার নিয়ম: 'Reporting Verb' এর subject (you)+ 'Reporting verb' say/said এর পরিবর্তে ask/asked+object থাকলে বসাতে হবে (me)+ Inverted comma এর পরিবর্তে If/Whether+Subject (person অনুযায়ী) auxiliary verb যা tense ও person অনুযায়ী হবে (would) + বাকি অংশ বা extension (help you) বসিয়ে বাক্যটিকে এভাবে assertive pattern এ রূপান্তর করতে হবে। উল্লেখ্য, প্রশ্নে 'please' আছে বিধায় এর পরিবর্তে politely ব্যবহার করতে হবে।

২৮. "Come in, my friend, said I বাক্যের সঠিক Indirect speech–

ক. Addressing him as my friend, he said him to go in.
খ. Addressing him as my friend, I told him to go in
গ. Addressing him as my friend, I have said him to go in
ঘ. Addressing him as my friend, I asked him to go in

উত্তর√ খ প্রদত্ত বাক্যটিকে Direct থেকে Indirect করার নিয়ম: কাউকে Address বা সম্বোধন করা হলে বাক্যের শুরুতে Addressing as দ্বারা শুরু করতে হয়। কাজেই এক্ষেত্রে নিয়মটি হচ্ছে Addressing+ যাকে সম্বোধন করা হয়েছে সেই nominal অংশের pronoun (এক্ষেত্রে him) + as + addressed অংশ (my friend) + Comma (I) + Subject (I) + reporting verb say/said এর পরিবর্তে tell/told এক্ষেত্রে 'told' + object থাকলে (him) বসাতে হবে + বাকি অংশ বা extension (এক্ষেত্রে 'to go in') বসিয়ে এরূপ 'asssertive pattern' এ রূপান্তর করতে হবে।

২৯. The idiom 'Dead letter' এর অর্থ–

ক. Bad letter
খ. Old letter
গ. Law not in force
ঘ. Letter written by unknown person

উত্তর√ গ 'Dead letter' বাগধারাটির অর্থ:অপ্রচলিত অকেজো, অকার্যকর। এই বাগধারাটির meaning এর শাব্দিক অর্থ 'মৃত চিঠি' এর সাথে কোনো সম্পর্ক নেই। প্রদত্ত অপশনগুলোর অর্থ নিম্নে দেওয়া হলো:

প্রদত্ত অপশন	অর্থ
Bad letter	মন্দ চিঠি
Old letter	পুরানো চিঠি
Law not in force	অকার্যকর/অকেজো আইন, অপ্রচলিত আইন

সুতরাং সঠিক উত্তর অপশন (গ)। বাকি অপশনগুলো অসামঞ্জস্যপূর্ণ।

৩০. The Idiom 'Bring to book-এর অর্থ–

ক. Book written by famous writer
খ. Valueless person
গ. Book which are loss
ঘ. Rebuke

উত্তর√ ঘ 'Bring to book' অর্থ তিরস্কার/ গালমন্দ/ বকাবকি করা।

নিম্নে অপশনগুলোর অর্থ দেওয়া হলো:

Option	Meaning
Book written by famous writer	বিখ্যাত ব্যক্তির লেখা বই।
Valueless person	মূল্যহীন ব্যক্তি
Books which are lost	হারিয়ে গিয়েছে যে বইগুলো
Rebuke	তিরস্কার বা গালমন্দ করা

৪১. একটি কাজ ১৫ জন লোক ১০ দিনে করতে পারে। কত জন লোক ঐ কাজ ১ দিনে সম্পন্ন করতে পারবে?

ক. ১০০ জন
খ. ১৫০ জন
গ. ২০০ জন
ঘ. ২৫০ জন

উত্তর√ খ ১০ দিনে করে ১৫ জন
১ " " ১৫ × ১০ = ১৫০ জন

৪২. ৬ জন স্ত্রীলোক অথবা ৮ জন বালক একটি কাজ ১২ দিনে শেষ করতে পারে। ৩ জন স্ত্রীলোক ও ১২ জন বালক ঐ কাজটি কতদিনে করতে পারে?

ক. ৩ দিন
খ. ৪ দিন
গ. ৬ দিন
ঘ. ১২ দিন

উত্তর√ গ

$$D_2 = \frac{W_1 B_1 D_1}{W_1 B_2 + W_2 B_1}$$

$$= \frac{৬ \times ৮ \times ১২}{৬ \times ১২ + ৩ \times ৮}$$

$$= \frac{৫৭৬}{৯৬}$$

= ৬ দিন

W_1 = ১ম মহিলা = ৬ জন
B_1 = ১ম বালক = ৮ জন
D_1 = ১ম দিন = ১২ দিন
W_2 = ২য় মহিলা = ৩ জন
B_2 = ২য় বালক = ১২ জন
D_2 = ?

৪৩. দুটি গোলকের আয়তনের অনুপাত ৮ ঃ ২৭, তাদের ক্ষেত্রফলের অনুপাত কত?

ক. ৪ ঃ ৯
খ. ২ ঃ ৩
গ. ৪ ঃ ৫
ঘ. ৫ ঃ ৬

উত্তর√ ক ১ম গোলকের আয়তন $= \frac{4}{3}\pi r_1^3$

২য় গোলকের আয়তন $= \frac{4}{3}\pi r_2^3$

শর্তমতে, $\frac{\frac{4}{3}\pi r_1^3}{\frac{4}{3}\pi r_1^3} = \frac{8}{27}$

$\Rightarrow \frac{r_1^3}{r_2^3} = \frac{8}{27}$

$\Rightarrow \frac{r_1^3}{r_2^3} = \frac{2^3}{3^3}$

$\Rightarrow \frac{r_1}{r_2} = \frac{2}{3}$

১ম গোলকের ক্ষেত্রফল $= 4\pi r_1^2$

২য় " " $= 4\pi r_1^2$

তাদের অনুপাত $= 4\pi r_1^2 : 4\pi r_2^2$

$= \frac{4\pi r_1^2}{4\pi r_2^2} = \left(\frac{2}{3}\right)^2 = \frac{4}{9} = 4 : 9$

৪৪. ক ও খ-এর বেতনের অনুপাত ৭ : ৫। ক, খ অপেক্ষা ৪০০ টাকা বেশি বেতন পেলে খ-এর বেতন কত?

ক. ১৬০০ টাকা　　খ. ১১০০ টাকা
গ. ১০০০ টাকা　　ঘ. ৯০০ টাকা

উত্তর✓ গ ব্যাখ্যা মনে করি,
ক ও খ এর বেতন যথাক্রমে ৯x ও ৫x
শর্তমতে, ৭x − ৫x = ৪০০
⇒ ২x = ৮০০
$x = \frac{৮০০}{২} = ২০০$
∴ x = ২০০ টাকা
∴ খ এর বেতন = ৫ × ২০০ = ১০০০ টাকা

৪৫. কমিশনের হার ২.৫০ টাকা হলে ২০০০ টাকা মূল্যের জিনিস বিক্রয় করে কত কমিশন পাওয়া যাবে?

ক. ২৫ টাকা　　খ. ৫০ টাকা
গ. ৭৫ টাকা　　ঘ. ১০০ টাকা

উত্তর✓ খ ব্যাখ্যা ১০০ টাকার কমিশন ২.৫০ টাকা
১ " " $\frac{২.৫০}{১০০}$
২০০০ " " $\frac{২.৫০ \times ২০০০}{১০০}$ টাকা
= ৫০ টাকা

৪৬. একটি পরীক্ষায় ৭৫টি প্রশ্ন ছিল। রহিম ৬০টি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে। সে শতকরা কতটি প্রশ্নের শুদ্ধ উত্তর দিয়েছে?

ক. ৭৫%　　খ. ৬০%
গ. ৯০%　　ঘ. ৮০%

উত্তর✓ ঘ ব্যাখ্যা ৭৫ টির মধ্যে শুদ্ধ উত্তর ৬০টি
∴ ১ " " " " $\frac{৬০}{৭০}$
∴ ১০০ " " " " $\frac{৬০ \times ১০০}{৭০}$ টি
= ৮০টি

৪৭. ১৫০.০০ টাকা দিয়ে একটি জিনিস ক্রয় করে কত টাকা বিক্রয় করলে ৩০% লাভ হবে?

ক. ১৯৫ টাকা　　খ. ১৮০ টাকা
গ. ৯০ টাকা　　ঘ. ৪৫ টাকা

উত্তর✓ ক ব্যাখ্যা বিক্রয়মূল্য = $\frac{১০০ + \text{লাভ}}{১০০} \times$ ক্রয়মূল্য
$= \frac{১০০ + ৩০}{১০০} \times ১৫০$
$= \frac{১৩০}{১০০} \times ১৫০ = ১৯৫$ টাকা।

৪৮. টাকায় ৬টা ক্রয় করে টাকায় কয়টা বিক্রয় করলে ২০% লাভ হবে?

ক. ৭টা　　খ. ৫টা
গ. ৪টা　　ঘ. ৩টা

উত্তর✓ খ ব্যাখ্যা বিক্রয়মূল্য = $\frac{১০০ + \text{লাভ}}{১০০} \times$ ক্রয়মূল্য
$= \frac{১০০ + ২০}{১০০} \times ১$
$= \frac{১২০}{১০০} = ১.২$ টাকা
১.২ টাকায় বিক্রি হয় ৬টি
১ " " " $\frac{৬}{১.২} = ৫$টি

৪৯. ২ থেকে শুরু করে পর পর ৫ জোড় সংখ্যার গড় কত হবে?

ক. ৪　　খ. ৫
গ. ৬　　ঘ. ৭

উত্তর✓ গ ব্যাখ্যা ২ থেকে শুরু করে ৫টি জোড় সংখ্যা হচ্ছে ২, ৪, ৬, ৮, ১০ এদের গড় = $\frac{২ + ৪ + ৬ + ৮ + ১০}{৫}$
$= \frac{৩০}{৫} = ৬$

৫০. পিতা ও দুই সন্তানের গড় বয়স ৩০ বছর। দুই সন্তানের বয়সের গড় ২০ বছর হলে, পিতার বয়স কত?

ক. ২০ বছর　　খ. ৩০ বছর
গ. ৪০ বছর　　ঘ. ৫০ বছর

উত্তর✓ ঘ ব্যাখ্যা
পিতা ও দুই সন্তানের মোট বয়স = (৩০ × ৩) বছর
= ৯০ বছর
দুই সন্তানের মোট বয়স (২০ × ২) = ৪০ বছর
∴ পিতার বয়স (৯০ − ৪০) = ৫০ বছর

৫১. $x - \frac{1}{x} = 4$ হলে, $x^4 + \frac{1}{x^4} =$ কত?

ক. 34　　খ. 32
গ. 31　　ঘ. 30

উত্তর✓ Blank ব্যাখ্যা $x^4 + \frac{1}{x^4} = (x^2)^2 + \left(\frac{1}{x^2}\right)^2$
$= \left(x^2 + \frac{1}{x^2}\right)^2 - 2.x^2.\frac{1}{x^2}$
$= \left\{\left(x - \frac{1}{x}\right)^2 + 2.x.\frac{1}{x}\right\}^2 - 2$
$= \{4^2 + 2\}^2 - 2$
$= (16 + 2)^2 - 2$
$= (18)^2 - 2$
$= 324 - 2 = 322$
প্রদত্ত Option-এ সঠিক উত্তর নেই।

৫২. $p + \frac{1}{p} = 4$ হলে, $p^3 + \frac{1}{p^3}$ = কত?

ক. 76 খ. 70
গ. 52 ঘ. 47

উত্তর✓ গ ব্যাখ্যা $p3 + \frac{1}{p^3} = \left(p + \frac{1}{p}\right)^3 - 3.p.\frac{1}{p}\left(p + \frac{1}{p}\right)$
$= 4^3 - 3 \times 4$
$= 64 - 12 = 52$

৫৩. $a + b = c$ হলে, $a^3 + b^3 + 3abc$ = কত?

ক. a^3 খ. b^3
গ. 0 ঘ. c^3

উত্তর✓ ঘ ব্যাখ্যা $a^3 + b^3 + 3abc$
$= (a + b)^3 - 3ab(a + b) + 3abc$
$= c^3 - 3ab.c + 3abc$
$= c^3 - 3abc + 3abc = c^3$

৫৪. $a = 15$ এবং $b = 5$ হলে $\frac{(a-b)^2}{a-b}$ = কত?

ক. 30 খ. 10
গ. 15 ঘ. ২০

উত্তর✓ খ ব্যাখ্যা $\frac{(a-b)^2}{a-b} = \frac{(a-b)(a-b)}{(a-b)}$
$= (a - b)$
$= 15 - 5$
$= 10$

৫৫. বৃত্তস্থ সামন্তরিক একটি–

ক. বর্গক্ষেত্র খ. ট্রাপিজিয়াম
গ. রম্বস ঘ. আয়তক্ষেত্র উত্তর ঘ

৫৬. একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গ ঐ সরলরেখার অর্ধেকের উপর অঙ্কিত বর্গের কতগুণ?

ক. চারগুণ খ. তিনগুণ
গ. দ্বিগুণ ঘ. পাঁচগুণ

উত্তর✓ ক ব্যাখ্যা মনে করি, সরলরেখাটির দৈর্ঘ্য = x
∴ সরলরেখার উপর অঙ্কিত বর্গ = x^2
সরলরেখার অর্ধেকের উপর অঙ্কিত বর্গ = $\left(\frac{x}{2}\right)^2 = \frac{x^2}{4}$
সুতরাং সরলরেখার উপর অঙ্কিত বর্গ ঐ সরল রেখার উপর অঙ্কিত বর্গের চারগুণ।

৫৭. $(0.003)^2$ = কত?

ক. 0.009 খ. 0.0009
গ. 0.00009 ঘ. 0.000009

উত্তর✓ ঘ ব্যাখ্যা $(0.003)^2 = 0.000009$

৫৮. নিচের কোন সংখ্যাটি বৃহত্তম?

ক. $\frac{২}{২০}$ খ. $\frac{৩}{৫}$
গ. $\frac{৪}{১৫}$ ঘ. $\frac{৭}{২৫}$ উত্তর খ

৫৯. কোনো স্কুলে ৫৩ জন ছাত্রের মধ্যে ৩৬ জন গান পছন্দ করে; ১৮ জন কবিতা পছন্দ করে। ১০ জন কোনোটিই পছন্দ করে না। কতজন দুটোই পছন্দ করে?

ক. ১০ জন খ. ১১ জন
গ. ১৩ জন ঘ. ১৪ জন

উত্তর✓ খ ব্যাখ্যা উভয় পছন্দ করে না = ৩৬ + ১৮ + ১০ = ৬৪ জন
উভয়টি পছন্দ করে = ৬৪ − ৫৩ = ১১ জন

৬০. ৯, ১২, ১৮, ৩০, ৫৪ .....: ধারার পরবর্তী সংখ্যাটি কত?

ক. ১৫২ খ. ১০৬
গ. ১০২ ঘ. ৭৬

উত্তর✓ গ ব্যাখ্যা ব্যবধান



৬১. মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত?

ক. করতোয়া খ. গড়াই
গ. আত্রাই ঘ. মহানন্দা

উত্তর✓ ক ব্যাখ্যা বাংলাদেশের সবচেয়ে প্রাচীন জনপদ পুণ্ড্রনগর বগুড়ার মহাস্থানগড়ে অবস্থিত। মহাস্থানগড় করতোয়া নদীর পশ্চিম তীরে অবস্থিত।

৬২. দহগ্রাম ছিটমহল কোন জেলায় অবস্থিত?

ক. দিনাজপুর খ. লালমনিরহাট
গ. রংপুর ঘ. কুড়িগ্রাম

উত্তর✓ খ ব্যাখ্যা দহগ্রাম বাংলাদেশের লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার একটি ইউনিয়ন। দহগ্রাম ইউনিয়নের আয়তন ৩৫ বর্গমাইল। দহগ্রাম ইউনিয়নে উন্নীত হয় ১৯ আগস্ট ১৯৮৯ সালে। ১ আগস্ট ২০১৫ সালে বাংলাদেশ-ভারত ছিটমহল বিনিময় বা বিলুপ্ত হয়।

৬৩. ঢাকা বিভাগে কয়টি জেলা?

ক. ১৪টি খ. ১৫টি
গ. ১৭টি ঘ. ১২টি

উত্তর✓ Blank ব্যাখ্যা সঠিক উত্তর নেই। পূর্বে ঢাকা বিভাগে ১৭টি জেলা ছিল। ১৪ সেপ্টেম্বর ২০১৫ সালে ঢাকা বিভাগের চারটি জেলা নিয়ে ময়মনসিংহ বিভাগ গঠিত হওয়ায় বর্তমানে ঢাকা বিভাগে জেলার সংখ্যা ১৩টি।

৬৪. আইফেল টাওয়ার কোথায় অবস্থিত?

ক. লন্ডন খ. মিউনিখ
গ. মস্কো ঘ. প্যারিস

উত্তর✓ ঘ ব্যাখ্যা আইফেল টাওয়ার ফ্রান্সের রাজধানী প্যারিসে অবস্থিত। আইফেল টাওয়ারের স্থপতি আলেকজান্ডার গুসটাভ আইফেল। নির্মাণ কাজ শুরু হয় ২৬ জানুয়ারি ১৮৮৭ সালে এবং উদ্বোধন করা হয় ৩১ মার্চ ১৮৮৯ সালে। আইফেল টাওয়ারের উচ্চতা ৩২৪ মিটার বা ১০৬৩ ফুট।

৬৫. উপমহাদেশে প্রথম স্বাধীনতা সংগ্রাম কখন সংঘটিত হয়?

ক. ১৮৫৭ সালে খ. ১৭৫৭ সালে
গ. ১৯৪৭ সালে ঘ. ১৮৪৭ সালে

উত্তর✓ ক ব্যাখ্যা উপমহাদেশে প্রথম স্বাধীনতা সংগ্রাম সংঘটিত হয় ১৮৫৭ সালে। এই স্বাধীনতা সংগ্রাম সিপাহী বিপ্লব নামে পরিচিত। মঙ্গল পান্ডে ২৯ মার্চ ১৮৫৭ সালে ব্যারাকপুরের সেনা ছাউনিতে প্রথম বিদ্রোহ ঘোষণা করেন ও শহীদ হন।

৬৬. ক্রিপস মিশন কোন উদ্দেশ্যে এদেশে আগমন করে?
ক. অর্থনৈতিক খ. রাজনৈতিক
গ. সামাজিক ঘ. সাংস্কৃতিক
উত্তর✓ খ
২৩ মার্চ ১৯৪২ সালে কেবিনেট মন্ত্রী স্যার স্ট্যাফোর্ড ক্রিপসের নেতৃত্বে ব্রিটিশ সরকার কর্তৃক ভারতে প্রেরিত একটি মিশন। 'ক্রিপস মিশন' রাজনৈতিক উদ্দেশ্যে এ দেশে আগমন করে।

৬৭. লালবাগের কেল্লা কে স্থাপন করেন?
ক. টিপু সুলতান খ. শাহ সুজা
গ. শায়েস্তা খান ঘ. ইসলাম খান
উত্তর✓ গ
লালবাগ কেল্লার আদিনাম আওরঙ্গবাদ দুর্গ। সম্রাট আওরঙ্গজেবের পুত্র শাহজাদা মোহাম্মদ আজম শাহ ১৬৭৮ সালে লালবাগ কেল্লার নির্মাণ কাজ শুরু করেন। নির্মাণ কাজ সমাপ্ত করেন শায়েস্তা খান ১৬৮৪ সালে। দুর্গটি বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত।

৬৮. নিচের কোন পর্যটক সোনারগাঁ এসেছিলেন?
ক. মার্কোপোলো খ. ফা-হিয়েন
গ. হিউয়েন সাং ঘ. ইবনে বতুতা
উত্তর✓ ঘ
ইবনে বতুতা বিখ্যাত মুসলিম পর্যটক ছিলেন। তিনি ১৩০৪ খ্রিস্টাব্দে মরক্কোয় জন্মগ্রহণ করেন। তিনি ভারতবর্ষে আসেন ১৩৩৩ খ্রিস্টাব্দে মোহাম্মদ বিন তুঘলকের আমলে। ইবনে বতুতা বাংলায় আসেন ১৩৪৫ খ্রিস্টাব্দে ফখরুদ্দিন মুবারক শাহের আমলে। তিনি সোনারগাঁও আসেন ১৩৪৬ সালে।

৬৯. সমুদ্রকে নীল দেখানোর কারণ হলো আপতিত সূর্য রশ্মির-
ক. বিক্ষেপণ খ. প্রতিফলন
গ. প্রতিসরণ ঘ. পোষণ
উত্তর✓ ক
আলোকতরঙ্গ কোণ ক্ষুদ্র কণিকার উপর পড়লে আলোকতরঙ্গ বিভিন্ন দিকে ছড়িয়ে পড়ে। এটিই আলোর বিক্ষেপণ। আপতিত সূর্য রশ্মির বিক্ষেপণের ফলে সমুদ্রে নীল দেখায়।

৭০. যখন কোনো বস্তুকে বিষুবরেখা থেকে মেরুতে নিয়ে যাওয়া হয়, তখন তার ওজন-
ক. কমে খ. বাড়ে
গ. একই থাকে ঘ. অর্ধেক হয়ে যায়
উত্তর✓ খ
বস্তুর ওজন বস্তুর উপর ক্রিয়াশীল অভিকর্ষজ ত্বরণের (g) উপর নির্ভরশীল। g এর মান বাড়লে ওজন বাড়ে। যখন কোনো বস্তুকে বিষুবরেখা থেকে মেরুতে নিয়ে যাওয়া হয় তখন g এর মান বৃদ্ধি পায়। তাই বস্তুর ওজন বাড়ে।

৭১. কম্পিউটার হার্ডওয়্যার বলতে বোঝানো হয়-
ক. স্মৃতি অংশ
খ. কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ অংশ
গ. কম্পিউটার ও সংশ্লিষ্ট যান্ত্রিক সরঞ্জাম
ঘ. শক্ত ধাতব অংশ
উত্তর গ

৭২. বাংলাদেশে চীনামাটির সন্ধান পাওয়া গেছে-
ক. টেকের হাটে খ. রাণীগঞ্জে
গ. বিয়ানীবাজারে ঘ. বিজয়পুরে
উত্তর✓ ঘ
বাংলাদেশে প্রথম চিনামাটির সন্ধান পাওয়া যায় ১৯৫৭ সালে নেত্রকোনা জেলার দুর্গাপুর উপজেলার বিজয়পুরে। এছাড়া নওগাঁর পত্নীতলা, জয়পুরহাটের পাঁচবিবি এবং দিনাজপুরের মধ্যপাড়া, বড়পুকুরিয়া ও দীঘিপাড়ায় চিনামাটির সন্ধান পাওয়া গেছে।

৭৩. বীরশ্রেষ্ঠ পদক প্রাপ্তদের সংখ্যা কত?
ক. ৭ খ. ৮
গ. ১০ ঘ. ১২
উত্তর✓ ক
১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মুক্তিযুদ্ধে বীরত্ব প্রদর্শনের জন্য মোট ৬৭৬ জনকে খেতাব প্রদান করে। এর মাঝে সর্বোচ্চ সম্মাননা খেতাব বীরশ্রেষ্ঠ প্রদান করা হয় ৭ জনকে। বীরশ্রেষ্ঠদের মধ্যে ৩ জন সেনাবাহিনী, ২ জন ইপিআর, ১ জন নৌবাহিনী ও ১ জন বিমান বাহিনীর সদস্য ছিলেন।

৭৪. সার্কের সচিবালয় কোথায় অবস্থিত?
ক. দিল্লি খ. কাঠমাণ্ডু
গ. ঢাকা ঘ. কলম্বো
উত্তর✓ খ
South Asian Association for Regional Co-operation (SAARC) গঠিত হয় ৮ ডিসেম্বর ১৯৮৫ সালে। সার্কের সচিবালয় নেপালের কাঠমান্ডুতে অবস্থিত। সার্কভুক্ত দেশ ৮ টি। বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, নেপাল, ভুটান, মালদ্বীপ ও আফগানিস্তান।

৭৫. বাংলাদেশে শহিদ বুদ্ধিজীবী দিবস কোন মাসে পালিত হয়?
ক. ২৬ মার্চ খ. ১৬ ডিসেম্বর
গ. ১৪ ডিসেম্বর ঘ. ২৪ এপ্রিল
উত্তর✓ গ
১৯৭১ সালের ১০-১৪ ডিসেম্বর পাকিস্তান সেনাবাহিনী সুপরিকল্পিতভাবে বাঙালি বুদ্ধিজীবীদের হত্যা করে। এই হত্যাকাণ্ডে নেতৃত্ব দেন মেজর জেনারেল রাও ফরমান আলী। বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ ১৪ ডিসেম্বর 'শহিদ বুদ্ধিজীবী দিবস' ঘোষণা করেন।

৭৬. মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য সমগ্র বাংলাদেশকে কয়টি অঞ্চলে ভাগ করা হয়েছিল?
ক. ৯টি খ. ১৪টি
গ. ১২টি ঘ. ১১টি
উত্তর✓ ঘ
১১ জুলাই ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি এম এ জি ওসমানী সমগ্র দেশকে ১১টি সেক্টরে বিভক্ত করেন। মোট সেক্টর কমান্ডার ছিলেন ১৯ জন। মুক্তিযুদ্ধে ১০নং সেক্টর ছিল নৌ সেক্টর। এই সেক্টরে কোন নিয়মিত কমান্ডার ছিল না। সাব সেক্টর ছিল ৬৪টি।

৭৭. যে বস্তু আলোর সকল রং প্রতিফলিত করে, তার রং-
ক. কালো খ. সাদা
গ. লাল ঘ. বেগুনি
উত্তর খ

৭৮. তাপ প্রয়োগে সবচেয়ে বেশি প্রসারিত হয়-
ক. কঠিন পদার্থ খ. তরল পদার্থ
গ. বায়বীয় পদার্থ ঘ. মিশ্র পদার্থ
উত্তর গ

৭৯. মাঝখানে গোলাকার ছিদ্রবিশিষ্ট একটি প্লেটকে উত্তপ্ত করলে, ছিদ্রটির ব্যাস-
ক. কমবে খ. বাড়বে
গ. অপরিবর্তিত থাকবে ঘ. প্রথমে বাড়বে, পরে কমবে
উত্তর ক

৮০. বর্ণালির প্রান্তীয় বর্ণ কী কী?
ক. বেগুনি ও হলুদ খ. লাল ও নীল
গ. নীল ও সবুজ ঘ. বেগুনি ও লাল
উত্তর ঘ